

২০২১

বাংলা

এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

পঞ্চম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে অন্তত একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

প্রশ্নগুলি সমমানের।

পর্ব : ১

১। 'জনা' নাটকের ভক্তিরস সৃষ্টিতে নাট্যকার কতটা সফল হয়েছেন — আলোচনা করো।

অথবা

'জনা' নাটকে অপ্রধান চরিত্রগুলির গুরুত্ব নির্দেশ করো।

১৫

২। 'নুরজাহান' নাটক অবলম্বনে ঐতিহাসিক নাট্যকার হিসাবে দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব আলোচনা করো।

অথবা

“এ জয়ে তোমার গৌরব নাই। আমি দুর্বল নারী মাত্র। তুমি বীর, তুমি পুরুষ। আর আমি যাই হই, নারী মাত্র। এ জয়ে তোমার পৌরুষ নাই। আমি অবনত শিরে আমার পরাজয় স্বীকার করি।” — বক্তা কে? তাঁর জীবনের কোন্ প্রেক্ষিতে তিনি এই অবস্থার সম্মুখীন হয়েছেন, তা আলোচনা করো।

১৫

[পরের পাতায়]

৩। 'সংলাপ-বৈচিত্র্যের দ্বারা নাট্যরস সৃষ্টিতে রবীন্দ্রনাথের চম্ভালিকা তুলনারহিত'। — আলোচনা করো।

অথবা

'চম্ভালিকা' নাটকের গঠনশৈলী বিশ্লেষণ করো। ১৫

৪। 'ছেঁড়াতার' নাটকের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে নাটকের শিরোনামটি সার্থক হয়েছে কিনা বলো।

অথবা

সমকালীন রাজনৈতিক আন্দোলন, দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মঘস্তর কিভাবে 'ছেঁড়াতার' নাটকে উঠে এসেছে তা আলোচনা করো।

১৫

পর্ব : ২

৫। 'বঙ্গদর্শন' পত্রিকা দেশের কোন্ কোন্ সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি চেতনা গড়ে তুলেছিল তা আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

এ দেশের মানুষের কল্যাণে ডেভিড হেয়ারের অবদান সম্পর্কে আলোকপাত করো। ১৫

৬। 'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থানুসরণে 'সাম্রাজ্যবাদের সংকট' সম্পর্কে লেখকের ভাবনার পরিচয় দাও।

অথবা

'সমাজতন্ত্রই ভবিষ্যৎ' — 'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থে লেখকের এই মন্তব্যের গ্রহণযোগ্যতার বিচার করো। ১৫

৭। প্রমথ চৌধুরীর 'চারইয়ারি কথা' গল্পটি চারটি গল্পের সমাহার হলেও ছোটগল্পের লক্ষণাঙ্গুল — বিচার করো।

অথবা

জগদীশ গুপ্তের ‘শক্তি অভয়া’ গল্প অবলম্বন করে অভয়ার
শঙ্কার কারণ ও তার স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৮। ছোটগল্প হিসেবে ‘দুই রাত্রি’ গল্পটির শিল্পসার্থকতা সম্পর্কে
তোমার অভিমত যুক্তিসহ উপস্থাপন করো।

অথবা

“জীবন সংগ্রাম, শ্রমের মহত্ব মানব সম্পর্কের অপ্রতিরোধ্য
আবেগ ‘পাড়ি’ গল্পের মূল বিষয়।” — আলোচনা করো।

১৫
